



নারায়ণগঞ্জে ডাকাতের ভূয়া হামলা পুলিশের টহলেই ফেঁসে গেলো দুর্বৃত্তরা



সংগৃহীত ছবি

নারায়ণগঞ্জের আড়াইহাজারে সিএনজিচালিত পুলিশের টহল গাড়িকে যাত্রী ভেবে হামলা চালায় একদল ডাকাত। কিন্তু গাড়ির ভেতরে থাকা পুলিশ তাদের ধাওয়ায় পালাতে বাধ্য হয়।

রোববার (২৩ নভেম্বর) রাত ৩টার দিকে বিশনন্দী সড়কের জালকান্দি এলাকায় এ ঘটনা ঘটে। পুলিশ জানিয়েছে, ডাকাতদের ফেলে যাওয়া একটি রামদা উদ্ধার করা হয়েছে। পুলিশ সূত্রে জানা যায়, এএসআই রিপনের নেতৃত্বে টহল দিচ্ছিলেন পুলিশ সদস্যরা। হঠাৎ ডাকাতরা হামলা চালালে কনস্টেবল মারুফ খন্দাখতির মধ্যে পড়ে সামান্য আহত হন। তবে তিনি এক ডাকাতের হাত থেকে রামদা উদ্ধার করতে সক্ষম হন।

ওসি খন্দকার নাসির উদ্দিন বলেন, হামলাকারীদের শনাক্ত ও গ্রেপ্তারের জন্য অভিযান চলছে।

LENS ASIA